দর্শনায় বাড়ি থেকে অপহরণের পর নারী মৃতদেহ উদ্ধার

দামুড়হুদার দর্শনায় মনজুরা খাতুন মিম (৩২) নামের এক নারীকে রাতে তুলে নিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। এ ঘটনায় আহত হয়েছেন তার ভাই আলমগীর হোসেন (৩০)। শনিবার (২১ অক্টোবর) রাতে মোহাম্মদপুর এলাকায় এই ঘটনা ঘটে।

নিহত মনজুরা খাতুন মিমের লাশ তার বাড়ির পাশের বেগুনক্ষেত থেকে উদ্ধার করেছে পুলিশ। আহত আলমগীর আশঙ্কাজনক অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি রয়েছেন।

স্থানীয়রা জানান, শনিবার রাত ১০টার দিকে বেশ কয়েকজন দুর্বৃত্তরা দর্শনা মোহাম্মদপুরের আলমগীরের বাড়িতে আসে। এ সময় আলমগীরকে বাড়ি থেকে তুলে নিয়ে যেয়ে হাত-পা বেঁধে পাশের মাঠে রাখে। এ সময় তার বোন মনজুরা খাতুন প্রতিবাদ করলে তাকে ধরে তুলে নিয়ে যায়। রাতভর নিখোঁজ থেকে সকালে তাদের বাড়ির পাশের বেগুনক্ষেতে মনজুরার বিবস্ত্র লাশ পাওয়া যায়।

খবর পেয়ে সকালে চুয়াডাঙ্গার সহকারী পুলিশ সুপার (দ◌ামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা ও দর্শনা থানা-পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন।